# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮০৭

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৬. তাসবীহ-এর ফযীলাত

بَاب فَضْلِ التَّسْبِيحِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَفَّانُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ أَبِي سِنَانٍ، عَنْ عُثْمَانَ بْنِ أَبِي سَوْدَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مَرَّ بِهِ وَهُوَ يَغْرِسُ غَرْسًا فَقَالَ " يَا أَبَا هُرَيْرَةَ مَا الَّذِي تَغْرِسُ " . قُلْتُ غِرَاسًا لِي . قَالَ " أَلاَ أَدُلُّكَ عَلَى غِرَاسٍ خَيْرٍ لَكَ مِنْ هَذَا " . قَالَ بَلَى يَا رَسُولَ اللَّهِ . قَالَ " قُلْ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ يُغْرَسْ لَكَ بِكُلِّ وَاحِدَةٍ شَجَرَةٌ فِي الْجَنَّةِ " .

বাংলা

২/৩৮০৭। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি একটি চারাগাছ রোপণরত অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট দিয়ে যেতে জিজ্ঞেস করলেনঃ আবূ হুরায়রা! কী রোপণ করছো? আমি বললাম, আমার একটি চারা রোপণ করছি। তিনি বলেনঃ আমি কি তোমাকে এমন কিছু রোপণের কথা বলে দিবো না, যা তোমার জন্য এর চেয়েও উত্তম? তিনি বলেন, অবশ্যই, হে আল্লাহর রাসূল! তিনি বলেনঃ তুমি বলো, ’’সুবহানাল্লাহি ওয়ালহামদু লিল্লাহি ওয়ালা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার’’ (সমস্ত পবিত্রতা আল্লাহর, সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ নাই, আল্লাহ মহান)। প্রতিবারে বিনিময়ে তোমার জন্য জান্নাতে একটি করে গাছ রোপিত হবে।

## English

It was narrated from Abu Hurairah that :
the Messenger of Allah (ﷺ) passed by him when he was planting a plant, and said: "O Abu Hurairah, what are you planting?" I said: "A plant for me." He said: "Shall I not tell you of a plant that is better than this?" He said: "Of course, O Messenger of Allah." He said: "Say: 'Subhan-Allah, wal-hamdu-lillah, wa la ilaha illallah, wa Allahu Akbar (Glory is to Allah, praise is to Allah,

none has the right to be worshiped but Allah and Allah is the Most Great.)' For each one a tree will be planted for you in Paradise."

## ফুটনোট

সহীহুল বুখারী ৬৪০৬, তিরমিযি ৩৪৬৬, ৩৪৬৭, ৩৯৫৬, আহমাদ ৭১২৭, আত-তালীকুর রাগীব ২/২৪৪। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু সিনান সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার সানাদের মাঝে দুর্বলতা রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিসের ব্যাপারে নির্ভরযোগ্য নয়। আবু হাযিম আল-কুররা বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী, ইবনু হাজার আল-আসকালানী ও ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন হাম্বল, আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী, ইমাম যাহাবী, আলী ইবনুল মাদীনী, ইয়াহইয়া বিন মাঈন তারা সকলে তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৬২৬, ২২/৬০৬ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবু সিনান এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২২৪ টি শাহিদ হাদিস রয়েছে। ৯ টি খুবই দুর্বল, ৩৭ টি দুর্বল, ৪৩ টি হাসান, ১৩৫ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ২১৩৯, তিরমিযি ৩৫৩৩, আহমাদ ৫৬১৫, ৭৯৫২, ৮০৩২, ১০৯১১, ১০৯৩৪, ১২১২৫, ১৫৯৭৭, ১৯৬০০, ১৯৬১৭, ১৯৭১০, ১৯৭৩১, মু'জামুল আওসাত ২৯২১, ৬৪৯১, ৬৭৪৫, ৭৭১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44772

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন